43

ভোরের কাগজ

তারিখ ... 17 JUN 1998 ...
পৃষ্ঠা 7 কলাম 2

### কালকের এইচএসসি পরীক্ষা

# অভিভাবক শিক্ষার্থীরা উদ্বিগ্ন

## বোর্ড–মন্ত্রণালয় নীরব

**কাগজ প্রতিবেদক** : আগামীকাল বৃহস্পতিবার বিএনপির ডাকা হরতালের দিনে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষা নিয়ে ছাত্রছাত্রী, অভিভাবক ও শিক্ষকরা উদ্বিগ্ন। তারা হরতালের দিনে পরীক্ষা গ্রহণকে ঝুঁকিপূর্ণ মনে করেন। কিন্তু শিক্ষা বোর্ড ও মন্ত্রণালয় এ বিষয়ে নীরব।

আগামীকাল হিসাবরক্ষণ ও হিসাব বিজ্ঞান এবং কুটির শিল্প (তত্ত্বীয়) পরীক্ষা অনুষ্ঠানের কথা। এই পরীক্ষা নিয়ে উদ্বিগ্ন শ শ ছাত্রছাত্রী এবং তাদের অভিভাবকরা গত কয়েকদিন ধরে বারবার সংবাদপত্র অফিসে ফোন করে এ ব্যাপারে জানতে চান। কিন্তু বোর্ড বা শিক্ষা মন্ত্রণালয় এখন পর্যন্ত এ ব্যাপারে কোনো অফিসিয়াল বক্তব্য দেয়নি।

ঢাকা বোর্ড কর্মকর্তাদের সঙ্গে আলাপ করে জানা গেছে, তারা মনে করেন যে, হরতালের মধ্যে পরীক্ষা অনুষ্ঠান ঝুঁকিপূর্ণ এবং যানবাহন বন্ধ থাকার ফলে বহু পরীক্ষার্থী কেন্দ্রে আসতে পারবে না। এ কারণে বোর্ড পরীক্ষা পিছিয়ে দেওয়ার পক্ষে। ইতিমধ্যে মাদ্রাসা বোর্ড তাদের ঐদিনের পরীক্ষা পিছিয়েও দিয়েছে। কিন্তু শিক্ষা মন্ত্রণালয় হরতালের মধ্যেই পরীক্ষা অনুষ্ঠানের পক্ষে। নাম প্রকাশে অনিচ্ছুক সরকারি সূত্র জানায়, পরীক্ষা নিয়ে সরকার প্রমাণ করতে চায় যে বিএনপির হরতাল সফল হয়নি।

পূর্বনির্ধারিত সময়সূচি অনুযায়ী আগামীকালের পরীক্ষার ব্যাপারে গতরাত পর্যন্ত কোনো সরকারি ঘোষণা পাওয়া যায়নি। বেতার-টিভিসহ সরকারি প্রচারযন্ত্রেও এ ব্যাপারে কিছু বলা হয়নি।